



ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটি

নিলাম দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির পুরাতন ব্যবহৃত পরীক্ষার খাতা, পুরাতন সংবাদপত্র ও পুরাতন আলগা বিবিধ কাগজপত্র (ব্যবহৃত) (যেখানে যে অবস্থায় আছে) বিক্রয়ের জন্য আগ্রহী নিলাম দরদাতাগণের নিকট থেকে সীল মোহরকৃত দরপত্র আহবান করা হচ্ছে এবং নিলামে বিক্রয়করণের শর্তাবলী নিম্নরূপ :

১. নিলাম দরপত্র আগামী ১৬/১০/২০২৩ থেকে ০১/১১/২০২৩ তারিখ পর্যন্ত ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির একাউন্টস সেকশন (২য় তলা) থেকে অফিস চলাকালীন (০৩:০০ ঘটিকা পর্যন্ত) বিক্রয় করা হবে ।
২. নিলাম দরপত্রের মূল্য ১,০০০/- টাকা (অফেরতযোগ্য) ।
৩. নিলাম দরপত্র জামানতের পরিমাণ : জামানত হিসেবে ৩০,০০০/-টাকা (ফেরত যোগ্য) ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটি, আফতাব নগর, ঢাকা এর অনুকূলে বাংলাদেশের যে কোন সিডিউল ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের আকারে নিলাম দরপত্রের সাথে অবশ্যই দাখিল করতে হবে । অন্যথায় প্রাপ্ত নিলাম দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে ।
৪. প্রতি কেজির মূল্যের (একক মূল্য) ভিত্তিতে নিলাম দরপত্র মূল্যায়ন করা হবে । মালামালগুলি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় গ্রহণ করতে হবে । এই বিষয়ে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হবে না ।
৫. হালনাগাদ আয়কর সনদ ও জাতীয় পরিচয় পত্র (ব্যক্তির ক্ষেত্রে), হালনাগাদ আয়কর সনদ ও ট্রেড লাইসেন্স (প্রতিষ্ঠানের ক্ষেত্রে) এর ফটোকপি নিলাম দরপত্রের সাথে জমা দিতে হবে ।
৬. মালামাল ক্রয়কারী আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠান ০১ নভেম্বর ২০২৩ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময় (৩:০০ ঘটিকা পর্যন্ত) ইস্ট ইউনিভার্সিটির বিভিন্ন জায়গায় রক্ষিত মালামালগুলি পরিদর্শন করতে পারবেন ।
৭. আগ্রহী দরদাতাগণকে খামের উপর স্পষ্ট অক্ষরে বিষয় উল্লেখ পূর্বক “চীফ, এইচআর এন্ড লজিস্টিকস্” বরাবর সীলমহর যুক্ত খামে দাখিল/জমা করতে হবে ।
৮. নিলাম দরপত্র আগামী ০২ নভেম্বর ২০২৩ তারিখ বেলা ১২:০০ ঘটিকার মধ্যে ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির তৃতীয় তলায় ট্রেজারার অফিস কক্ষ নং ৩১৬), এ/২ জহুরুল ইসলাম এভিনিউ, আফতাব নগর, ঢাকা-১২১২ এ রক্ষিত দরপত্র বাঞ্ছা সীল মোহরকৃত করে জমা দিতে হবে ।
৯. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন অথবা সকল নিলাম দরপত্র গ্রহণ/বাতিল, সংশোধন বা এতদসংক্রান্ত যে কোন সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা সংরক্ষণ করেন ।

চীফ, এইচআর এন্ড লজিস্টিকস্
ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটি